



গণবিজ্ঞপ্তি

২৫

দেশে বিদ্যমান করোনা ভাইরাস প্রাদুর্ভাবের পরিপ্রেক্ষিতে, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও করোনা ভাইরাস বিস্তার রোধে নিম্নোক্ত পরামর্শ প্রদান করা হলো:

হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক কেন্দ্রে করণীয়:

- চিকিৎসা বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ) বিধিমালা, ২০০৮ এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশিকা প্রতিপালন করে বর্জ্য সৃষ্টির স্থানে (On-site) সম্ভাব্য করোনা ভাইরাস সংক্রমিত বর্জ্য দুই স্তর বিশিষ্ট টেকসই ব্যাগে দুই তৃতীয়াংশ ভর্তি করে ভালোভাবে মুখ বেঁধে রাখতে হবে। দুই স্তর বিশিষ্ট ব্যাগটিকে মুখ বাঁধা অবস্থায় ০.৫% ক্লোরিন বা ১% সোডিয়াম হাইপোক্লোরাইড দ্রবণ দ্বারা জীবাণুমুক্ত করে COVID-19 লেবেলযুক্ত বিশেষ বিনে (ঢাকনামুক্ত) সংরক্ষণপূর্বক নিরাপদভাবে পরিত্যাজন করতে হবে;
- হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক কেন্দ্রে বর্জ্য ব্যবস্থাপনা করা সম্ভব না হলে তা অটোক্লেভিং (১২১° সে: ১৫ পিএসআই চাপে ন্যূনতম ২০ মিনিট) অথবা ০.৫% ক্লোরিন বা ১% সোডিয়াম হাইপোক্লোরাইড দ্রবণ দ্বারা জীবাণুমুক্ত করে COVID-19 লেবেলযুক্ত বিশেষ বিনে (ঢাকনামুক্ত) রেখে সুরক্ষিত স্থানে সাময়িক সংরক্ষণ করতে হবে এবং অতিরিক্ত পরিত্যাজনের জন্য নির্দিষ্ট প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করতে হবে;
- সুরক্ষিত স্থান ব্যতীত সৃষ্ট বর্জ্য তাৎক্ষণিকভাবে পৃথকীকরণ (Sorting) পরিহার করতে হবে এবং পরিত্যাজনের পূর্বে ব্যবহৃত স্বাস্থ্য সুরক্ষা উপকরণ এমনভাবে নষ্ট করতে হবে যেন এগুলো পুনরায় ব্যবহার করা না যায়;
- বর্জ্য ব্যবস্থাপনায় ব্যবহৃত সামগ্রী, সংগ্রাহক বিন এবং বিন রাখার স্থান ০.৫% ক্লোরিন বা ১% সোডিয়াম হাইপোক্লোরাইড দ্রবণ দ্বারা জীবাণুমুক্ত করতে হবে;
- করোনা চিকিৎসা/প্রতিরোধ কার্যক্রমে সৃষ্ট বর্জ্য ব্যবস্থাপনায় হাসপাতাল/ক্লিনিকে প্রশিক্ষণপ্রাপ্ত সুনির্দিষ্ট স্টাফ/তত্ত্বাবধানকারী কর্মকর্তা নিয়োজিত রাখতে হবে এবং পরিত্যাজনস্থলে বর্জ্য পরিবহনে সুনির্দিষ্ট যানবাহন ব্যবহার করতে হবে।

বাসা-বাড়িতে করণীয়:

- করোনা প্রতিরোধে ব্যবহৃত স্বাস্থ্য সুরক্ষা উপকরণ অতিরিক্ত পৃথক করে হাসপাতালে সৃষ্ট বর্জ্যের ন্যায় দুই স্তর বিশিষ্ট টেকসই ব্যাগে ভর্তি করে ভালোভাবে মুখ বেঁধে রাখতে হবে। বর্জ্য ভর্তি দুই স্তর বিশিষ্ট ব্যাগটিকে মুখ বাঁধা অবস্থায় ০.৫% ক্লোরিন বা ১% সোডিয়াম হাইপোক্লোরাইড দ্রবণ দ্বারা জীবাণুমুক্ত করে ঢাকনামুক্ত পৃথক বিনে সংরক্ষণ করতে হবে এবং অতিরিক্ত পরিত্যাজনের জন্য নির্দিষ্ট প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;
- যদি মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনার জন্য নির্দিষ্ট প্রতিষ্ঠান না পাওয়া যায় তবে ঢাকনামুক্ত পৃথক বিনে সুরক্ষিত বর্জ্য ৭২ ঘণ্টা সংরক্ষণ করার পর সিটি কর্পোরেশনের গৃহস্থলী বর্জ্য হিসেবে নিরাপদভাবে পরিত্যাজন করতে হবে;
- করোনা সংক্রামক বর্জ্য ব্যবস্থাপনায় ব্যবহৃত পৃথক বিনটি ০.৫% ক্লোরিন বা ১% সোডিয়াম হাইপোক্লোরাইড দ্রবণ বা অন্য কোন উপযুক্ত জীবাণুনাশক দ্বারা জীবাণুমুক্ত করতে হবে।

স্থানীয় সরকার কর্তৃপক্ষ কর্তৃক করণীয়:

- করোনায় প্রতিরোধে ব্যবহৃত স্বাস্থ্য সুরক্ষা উপকরণ সংগ্রহের জন্য COVID-19 লেবেলযুক্ত দুই স্তর বিশিষ্ট বিশেষ রঙের (যেমন: হলুদ) টেকসই ব্যাগ সরবরাহ এবং বর্জ্য সংগ্রহ করতে হবে;
- সংগৃহীত বর্জ্য ইনসিনারেটরে পুড়িয়ে ফেলতে হবে। ইনসিনারেটরের সুবিধা না থাকলে জনবসতি হতে দূরে কোনো শিল্প প্রতিষ্ঠানের (Industrial furnace/Cement Kiln) চুল্লিতে পুড়িয়ে ফেলতে হবে অথবা ০.৫% ক্লোরিন বা ১% সোডিয়াম হাইপোক্লোরাইড দ্রবণ দ্বারা জীবাণুমুক্ত করে সুনির্দিষ্ট ল্যান্ডফিল সাইটে পরিত্যাজন করা যাবে।
- অতিরিক্ত বর্জ্য সৃষ্টি হলে প্রায়মান অটোক্লেভিং (১২১° সে: ১৫ পিএসআই চাপে ন্যূনতম ২০ মিনিট) এর ব্যবস্থা রাখা যেতে পারে।



পরিবেশ অধিদপ্তর
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

AE (Bashar Sb)

সিটি কর্পোরেশন

Web site

Incorporate

৩০/০৭/২০২০

সিনিয়র

১৬/০৭/২০২০